

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গবেষণা ও বৃত্তি শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর-৫৬.০০.০০০০.০২৮.৩৩.০৮১.১৭-৩৪০

তারিখঃ ২২ ভাদ্র ১৪২৫
০৬ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্টদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করে এ বিভাগ কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এ সংক্রান্ত নীতিমালাসহ আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্য আইসিটি বিভাগের website: www.ictd.gov.bd এ পাওয়া যাবে।

০২। এমতাবস্থায়, আপনার বিশ্ববিদ্যালয়/বিভাগের ছাত্র-ছাত্রীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/এমফিল/ডক্টরাল/পোস্টডক্টরাল কোর্সে অধ্যয়ন/গবেষণার নিমিত্ত ফেলোশিপ ও বৃত্তি প্রাপ্তির লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে (রাউন্ড ভিত্তিক) অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে নির্দেশনা/উৎসাহ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) পাতা।

(মোহাম্মদ আবুল খায়ের)
উপসচিব

☎ ০২-৫৫০০৬৮৭০ (অফিস)
✉ mkhayer@ictd.gov.bd

বিভাগীয় প্রধান

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

ঢাকা

স্মারক নম্বর-৫৬.০০.০০০০.০২৮.৩৩.০৮১.১৭-৩৪০

তারিখঃ ২২ ভাদ্র ১৪২৫
০৬ সেপ্টেম্বর ২০১৮

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আপারগাঁও, ঢাকা।

(মোহাম্মদ আবুল খায়ের)
উপসচিব

email to all teachers

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গবেষণা ও বৃত্তি শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর- ৫৬.০০.০০০০.০২৮.১৭.০৬৭.১৬-৩৩৮

তারিখঃ ২২ ভাদ্র ১৪২৫
০৬ সেপ্টেম্বর ২০১৮

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৮-১৯ অর্থবছরে গবেষণার জন্য
ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে
উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত
বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে ২০১৮-১৯ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।


০২। আবেদনপত্র দাখিল, বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়সীমা নিম্নরূপ:

রাউন্ড	অনলাইনে আবেদনপত্র দাখিলের সময়সীমা	বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়	মন্তব্য
১ম	৩০ সেপ্টেম্বর, ২০১৮	অক্টোবর, ২০১৮	অফিস
২য়	৩১ ডিসেম্বর, ২০১৮	জানুয়ারি, ২০১৯	চলাকালীন
৩য়	৩১ মার্চ, ২০১৯	এপ্রিল, ২০১৯	সময় পর্যন্ত

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক এ বিভাগের website: www.ictd.gov.bd হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৪। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।



(মোহাম্মদ আবুল খায়ের)
উপসচিব

☎ ০২-৫৫০০৬৮৭০

✉ mkhayer@ictd.gov.bd